

COVID-19 এর বিরুদ্ধে লড়াই করার জন্য আপনি কী করতে পারেন

পরীক্ষা




আপনার স্ট্যাটাস
জানুন। বিনামূল্যে
COVID-19
এবং এন্টিবডি
পরীক্ষা করান।

অনুসন্ধান



আপনার কমিউনিটিতে
COVID-19 ছড়িয়ে
পড়া বন্ধ করতে
আমাদের কন্ট্যাক্ট
ট্রেসারদের ফোনকলে
সাড়া দিন।

যত্ন নেয়া



অন্যদের সুরক্ষিত
রাখতে নিরাপদে
আলাদা থাকুন
এবং হোটেলে বা
বাড়িতে যত্ন নিন।

এনওয়াইসি টেস্ট এন্ড ট্রেস কর্পস (NYC Test & Trace Corps) আপনার
ব্যক্তিগত এবং স্বাস্থ্য সম্পর্কিত তথ্যের গোপনীয়তা এবং নিরাপত্তা রক্ষায়
প্রতিশ্রুতিবদ্ধ। আমরা যেসব তথ্য পাই তা গোপনীয় এবং নিউ ইয়র্ক সিটি
হেল্থ কোডের (New York City Health Code) অধীনে সুরক্ষিত। টেস্ট
এন্ড ট্রেস কর্পস (Test & Trace Corps) কারো ইমিগ্রেশন স্ট্যাটাস সম্পর্কে
জানতে চাইবেনা।

NYC
HEALTH+
HOSPITALS

Test & Trace
Corps

নিজেকে রক্ষা করুন। আপনার প্রিয়জনকে রক্ষা করুন। NYC কে পুনরায় সচল করতে সাহায্য করুন।

প্রত্যেক নিউ ইয়র্কবাসী আমাদের শহর নিরাপদে পুনরায় সচল করতে এবং COVID-19 এর বিস্তার কমাতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই হল তিনটি পদক্ষেপ যা আপনি নিজেকে, আপনার প্রিয়জন এবং আপনার সমগ্র সম্প্রদায়কে রক্ষা করার জন্য এনওয়াইসি টেস্ট এন্ড ট্রেস কর্পসের (NYC Test & Trace Corps) সহায়তায় নিতে পারেন। নিউ ইয়র্ক শহর নিরাপদে পুনরায় সচল করতে সাহায্য করুন!

পরীক্ষা করুন - মনের শান্তির জন্য

আপনার অবস্থা জানতে এবং মানসিক শান্তি পেতে আপনি একটি **বিনামূল্যে** COVID-19 পরীক্ষা পেতে পারেন। আপনার ইতোমধ্যে ভাইরাস ছিলো কিনা তা নির্ধারণ করতে অ্যান্টিবডি পরীক্ষাও করায় এমন কেন্দ্রগুলো দেখুন। পরীক্ষাগুলো **বিনামূল্যে**, নিরাপদ এবং গোপনীয়। শহর জুড়ে এনওয়াইসি টেস্ট এন্ড ট্রেস কর্পসের (NYC Test & Trace Corps) শত শত পরীক্ষা কেন্দ্র আছে।

কোন অ্যাপয়েন্টমেন্টের প্রয়োজন নেই। আপনার পাশে পরীক্ষা কেন্দ্র খুঁজে পেতে, ভিজিট করুন, nyc.gov/covidtest এই ঠিকানায় অথবা **311** এই নম্বরে কল করুন।

বিস্তার বন্ধ করতে - ফোনকলের জবাব দিন

আপনি যদি পরীক্ষায় পজিটিভ হন অথবা COVID-19 এর সংস্পর্শে আসেন, তাহলে আপনি এনওয়াইসি টেস্ট এন্ড ট্রেস (NYC Test & Trace) এর একজন কন্ট্যাক্ট ট্রেসারের কাছ থেকে একটি কল পাবেন। আপনি যদি NYC Test+Trace বা একটি 212 নম্বর দেখেন তাহলে আপনার ফোনকলের প্রতি সাড়া দিন।

কন্ট্যাক্ট ট্রেসার বা করবেন:

- আপনি কেমন অনুভব করছেন তা জিজ্ঞাসা করবেন।
- আপনাকে সুস্থ থাকতে এবং অন্যদের থেকে নিরাপদে আলাদা থাকতে সাহায্য করার জন্য রিসোর্সের প্রস্তাব দেবেন।
- আপনার আর কত দিন বাড়ির ভিতরে এবং সবার থেকে দূরে থাকতে হবে তা ব্যাখ্যা করবেন।

এছাড়াও, আপনি যদি COVID-19 এর পরীক্ষায় পজিটিভ হন তাহলে কন্ট্যাক্ট ট্রেসার:

- আপনি কীভাবে সংক্রামিত হলেন তা নির্ধারণের জন্য আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করবেন।
- আপনার সাথে ঘনিষ্ঠ যোগাযোগ ছিলো এমন সকলকে রক্ষা করতে সহায়তার জন্য এবং অন্যদের মধ্যে ভাইরাসের বিস্তার রোধে তাদের নাম ও যোগাযোগের তথ্য চাইবেন।

কন্ট্যাক্ট ট্রেসার যা কখনো করবেন না:

- আপনার নাম বা সোশ্যাল সিকিউরিটি নম্বর জিজ্ঞেস করা।
- ব্যক্তিগত আর্থিক বা ক্রেডিট কার্ডের তথ্য জানতে চাওয়া।
- আপনার ফোন, ট্যাবলেট বা কম্পিউটারের নিয়ন্ত্রণ নিতে চাওয়া বা সফটওয়্যার ডাউনলোড করতে বলা।

যদি কোন কন্ট্যাক্ট ট্রেসার আপনার সাথে ফোনে যোগাযোগ করতে না পারে, তাহলে আপনার সুস্থতা পরীক্ষা করার জন্য তাদের ব্যক্তিগতভাবে আপনার সাথে দেখা করতে হতে পারে। তারা আপনাকে তাদের পরিচয়পত্র দেখাবে, প্রমাণ করতে যে তারা এনওয়াইসি টেস্ট এন্ড ট্রেস কর্পসের (NYC Test & Trace Corps) একজন কন্ট্যাক্ট ট্রেসার।

যন্ত্র নিন - আপনার প্রিয়জনদের রক্ষা করার জন্য

আপনি যদি COVID-19 রোগে আক্রান্ত হন অথবা পরীক্ষায় পজিটিভ আসা কারো সংস্পর্শে এসে থাকেন, তাহলে এনওয়াইসি টেস্ট এন্ড ট্রেস কর্পস (NYC Test & Trace Corps) আপনাকে হোটেলে বা বাড়িতে নিরাপদে আলাদা থাকতে সাহায্য করতে পারে।

পরিচর্যা হোটেলগুলি বিনামূল্যে, নিরাপদ, আরামদায়ক এবং সুবিধাজনক। আমরা পরিবহন, খাবার, ইন্টারনেট, কেবল টেলিভিশন, এয়ার কন্ডিশনিং, মানসিক স্বাস্থ্য এবং সুস্থতা সহায়তা প্রদান করি, এবং প্রিয়জনদের সাথে সংযুক্ত থাকার জন্য আনলিমিটেড স্থানীয় ফোনকল প্রদান করি।



আরও তথ্যের জন্য কল করুন
1-212-COVID19 (1-212-268-4319)
অথবা ভিজিট করুন **testandtrace.nyc**

NYC
HEALTH+
HOSPITALS

Test & Trace
Corps